অবিলম্বে প্রকাশের জন্য: 11/20/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ADIRONDACK PARK-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যানের সংশোধনের অনুমোদন দিয়েছেন

সংশোধন নর্থ কান্ট্রির 2.9 মিলিয়ন একর সরকারি জমির সুরক্ষাকে উন্নত করে

আপডেটের মধ্যে আছে জলবায়ুর স্থিতিশীলতা, অ্যাক্সেসিবিলিটি এবং সাস্টেনেবল বিনোদনের পরিকল্পনা

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Adirondack Park-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যানের (State Land Master Plan, SLMP) সংশোধনের অনুমোদন দিয়েছেন যার জন্য অ্যাডিরন্ড্যাক পার্ক এজেন্সির (Adirondack Park Agency, APA) বোর্ড সুপারিশ করেছে। সংশোধনটি নিউ ইয়র্ক স্টেটের (New York State) Adirondack Park-এর 2.9 মিলিয়ন একর সরকারি জমির সুরক্ষা ও ব্যবস্থাপনাকে উন্নত করে।

"পরিষ্কার খাওয়ার পানি দেওয়া থেকে শুরু করে প্রতি বছর আউটডোর উপভোগ করার জন্য কয়েক মিলিয়ন মানুষকে স্বাগত জানানো পর্যন্ত, Adirondack Park হলো একটি জাতীয় সম্পদ এবং নিউ ইয়র্কের পরিবেশগত নেতৃত্বের একটি প্রতীক," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই সংশোধনগুলি নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক বর্তমান ও ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের সুবিধার জন্য সরকারি জমি সংরক্ষণ এবং সুরক্ষার ব্যাপারে এগিয়ে থাকতে পারে। স্থিতিশীলতা জোরদার করে এবং সাস্টেনেবল বিনোদনের প্রচার করে আমরা আগামী জেনারেশনের জন্য অ্যাডিরন্ড্যাককে (Adirondacks) নিরাপদ রাখছি এবং একই সাথে এর বুনো চরিত্রকে সংরক্ষণ করছি।"

SLMP নির্দেশনা দেয় যে কীভাবে Adirondack Park ফরেস্ট প্রিজার্ভের মধ্যে স্টেটের জমিকে জনগণ ব্যবহার করতে পারবেন এবং সুরক্ষার আলাদা আলাদা শ্রেণী প্রতিষ্ঠার মাধ্যমে কীভাবে স্টেট এর পরিবর্তন করতে পারবে। আজকে অনুমোদিত সংশোধনগুলি নিশ্চিত করবে যাতে স্টেটের সবথেকে মূল্যবান প্রাকৃতিক সম্পদগুলির একটির সংরক্ষণ এবং এখানে বিনোদনের পরিকল্পনা ইনক্লুশন এবং স্থিতিশীলতার মূল্যবোধের সাথে মানানসই হয়। এই সংশোধনগুলি অ্যাডিরন্ড্যাক পার্ক এজেন্সি এবং ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) যে ক্ষমতাগুলি আরো বাড়াবে:

- বন্যপ্রাণীর থাকার জায়গা এবং খোলা স্থান সুরক্ষিত রাখা এবং জলবায়ুর ঝুঁকির সমাধান করে বিনোদনের বিনিয়োগ সুরক্ষিত রাখা;
- বিদ্যমান অ্যাক্সেসিবল ইনফ্রাস্ট্রাকচার সনাক্ত করা এবং কী কী যোগ করা যায় তা যাচাই করার মাধ্যমে ডিজেবিলিটিসহ ব্যক্তিদের জন্য সরকরি জমি ও পানির অ্যাক্সেস উন্নত করা;
- সরকারি জমির পরিকল্পনায় ভিজিটরদের ব্যবহারের ব্যবস্থাপনা যোগ করার মাধ্যমে ঘরের বাইরের সাস্টেনেবল বিনোদনকে সমর্থন করা।

Adirondack Park-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যান Adirondack Park-এর ভেতরের 2.9 মিলিয়ন একর স্টেটের জমির জন্য সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে নির্দেশনা দিয়ে থাকে। জলবায়ু পরিবর্তন, অ্যাক্সেসিবিলিটি, এবং ভিজিটরদের ব্যবস্থাপনা যাতে ব্যবস্থাপনায় যোগ করা হয় এবং প্রতিটি স্টেট ল্যান্ড পার্সেলের জন্য পরিকল্পনা ব্যবহার করা আবশ্যিক করার পাশাপাশি, সংশোধনগুলি বন্যপ্রাণীর ব্যবস্থাপনার কাঠামো এবং ঐতিহাসিক স্থানের জন্য প্র্যাকটিস আপডেট করে।

পাশাপাশি, একটি সাম্প্রতিক কেনা জমিকে ওয়াইল্ড ফরেস্ট হিসেবে শ্রেণীবদ্ধ করা হয়েছে, যা হলো উইলমিংটন (Wilmington) এবং জে (Jay) টাউনে 585 একরের ফোর পিকস ট্র্যাক্ট। অনেক আলাদা ধরণের মিডোল্যান্ড এবং পাহাড় নিয়ে তৈরি ফোর পিকস ট্র্যাক্টকে (Four Peaks Tract) নিউ ইয়র্ক স্টেটের ওপেন স্পেস কনজার্ভেশন প্ল্যানে (Open Space Conservation Plan) সনাক্ত করা হয়েছে এবং এর অজেবল রিভার ভ্যালিতে বিনোদনের সুযোগ বাড়ানোর সম্ভাবনা আছে।

APA-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Barbara Rice (বারবারা রাইস) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) সিদ্ধান্তমূলক নেতৃত্বের জন্য এজেন্সি তাকে ধন্যবাদ জানাচ্ছে। এই পদক্ষেপটি প্রায় দুই বছরের পরিশ্রম এবং অর্থপূর্ণ চিন্তাভাবনার ফল। এই সংশোধনগুলি নিশ্চিত করবে যাতে স্টেট নিউ ইয়র্কে অবস্থিত সারা বিশ্বের জন্য গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদকে রাখা করতে থাকে এবং আমরা সকল সক্ষমতার মানুষের জন্য আমাদের সরকারি জমির অ্যাক্সেস নিশ্চিত করতে কাজ করছি।"

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "Adirondack Park-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যান 50 বছরের বেশি সময় ধরে Adirondack Forest Preserve-এর জন্য DEC-এর যত্নশীল রক্ষণাবেক্ষণকে নির্দেশনা দিয়েছে। এই সংশোধনগুলি স্টেটকে বেশি মানুষের বেড়াতে যাওয়া এবং তীব্র আবহাওয়ার ঘটনার সাথে সম্পর্কিত সমস্যার সমাধান করতে সাহায্য করবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে ফরেস্ট রিজার্ভটি সব মানুষের জন্য অ্যাক্সেসিবল থাকে।"

স্টেটের সিনেটর Peter Harckham (পিটার হারখ্যাম) বলেন, "Adirondack Park-এর স্মার্ট রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থাপনা এবং সুরক্ষা মডেলে এমন পরিবর্তন আনা প্রয়োজন যা আধুনিকায়ন এবং বেশি ব্যবহার হওয়াকে বিবেচনা করবে। পার্কের স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যানের জন্য গভর্নর Hochul-এর (হোকল) সংশোধন অনন্য সক্ষমতার ভিজিটরদের জন্য অ্যাক্সেসিবিলিটি, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং জমির সংরক্ষণের সাথে বিনোদনের

ভারসাম্যকে বিবেচনা করে, এবং একই সাথে ভবিষ্যতের জেনারেশনের জন্য দুর্দান্ত এই সম্পদকে জোরদার ও সুরক্ষিত রাখে।"

Adirondack Council-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Raul J. Aguirre (রাউল জে অ্যাগুয়াইয়ার) বলেন, "জনগণের কথা শোনার জন্য, স্টেটের ল্যান্ড মাস্টার প্ল্যান যাতে Adirondack Park-এর ইকোলজি এবং বুনো চরিত্রকে রক্ষা করতে থাকে তা নিশ্চিত করার জন্য এজেন্সির মূল সংশোধনকে পরিবর্তন করা, এবং একই সাথে সকল সক্ষমতার মানুষের জন্য অ্যাক্সেস দেওয়ার জন্য Adirondack Council গভর্নর Hochul (হোকল) এবং অ্যাডিরন্ড্যাক পার্ক এজেন্সিকে ধন্যবাদ জানাচ্ছে।"

Adirondack Mountain Club (ADK)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Cortney Worrall (কোর্টনি ওরেল) বলেন, "Adirondack Park-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যানের জন্য অ্যাডিরন্ড্যাকপার্ক এজেন্সির সংশোধনকে অনুমোদন দেওয়ার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ। ফরেস্ট প্রিজার্ভকে রক্ষা করে সকলের জন্য অ্যাক্সেস দেওয়া যে একটি আবশ্যিক ব্যাপার তা দেখে ADK খুশি। ভিজিটরের ব্যবহার ব্যবস্থাপনার পরিকল্পনার জন্য নিউ ইয়র্ক স্টেটের নিবেদনকে এবং স্টেটের ল্যান্ড মাস্টার প্ল্যান, যা হলো প্রাকৃতিক সম্পদ রক্ষা এবং ভিজিটরদের অভিজ্ঞতা উন্নত করার জন্য একটি সক্রিয়, মানিয়ে নেওয়ার কৌশল, সেখানে যা যা যোগ করা হয়েছে তাকে আমরা স্বাগত জানাচ্ছি। এছাড়াও প্রশমন, মানিয়ে নেওয়া, এবং স্থিতিশীলতার মাধ্যমে দেরি না করে আমরা কীভাবে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জের মোকাবেলা আরো ভালো করতে পারি তার জন্য ADK অনেক প্রশংসা করছে।"

Adirondack Park-এর স্থানীয় সরকারের রিভিউ বোর্ডের এক্সিকিউটিভ ডিরেক্টর Gerald Delaney (জেরাল্ড ডিলেনি) বলেন, "Adirondack Park-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যানের এইসব গুরুত্বপূর্ণ সংশোধন অগ্রসর করার জন্য রিভিউ বোর্ড গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছে। ডিজেবিলিটিসহ মানুষের জন্য অ্যাক্সেস বাড়ানোকে এবং স্টেট যাতে জনগণের ব্যবহারের নতুন ট্রেন্ডের ক্ষেত্রে কার্যকরভাবে ব্যবস্থাপনা করতে পারে এবং ভবিষ্যতের জেনারেশনের জন্য পার্কের অনন্য প্রাকৃতিক সম্পদকে রক্ষা করে যেতে পারে তা নিশ্চিত করার জন্য সেরা ব্যবস্থাপনার প্র্যাকটিস যোগ করার প্রতিশ্রুতিকে স্থানীয় সরকার দৃঢ়ভাবে সমর্থন করছে।"

Northern Forest Center-এর প্রেসিডেন্ট Rob Riley (রব রাইলি) বলেন, "Adirondack Park-এর স্টেট ল্যান্ড মাস্টার প্ল্যানে যে উন্নয়ন করা হয়েছে, Northern Forest Center তার প্রশংসা করছে, এটি নিশ্চিত করবে যাতে সকল মানুষ, বিশেষ করে ডিজেবিলিটিসহ মানুষের জন্য স্টেটের জমির আরো সমান অ্যাক্সেস নিশ্চিত করা যায়। প্রায় ত্রিশ বছর ধরে বন এবং কমিউনিটির মাঝখানে কাজ করা একটি অর্গানাইজেশন হিসেবে, আমরা জানি যে ব্যক্তির আনন্দ এবং স্বাস্থ্যের জন্য এবং একই সাথে সরকারি জমি ও পানির ব্যাপারে আমাদের সামগ্রিক রক্ষণাবেক্ষণের জন্য প্রকৃতির আরো ভালো অ্যাক্সেস কতটা গুরুত্বপূর্ণ।"

Adirondack Center for Loon Conservation-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Dorothy Waldt (ডরোথি ওয়াল্টড) বলেন, "এইসব সংশোধনের অনুমোদন দেওয়ার জন্য সেন্টার গভর্নরের প্রতি কৃতজ্ঞ। কমন লুন, যা নিউ ইয়র্ক স্টেটে বিশেষভাবে বিবেচনা করার একটি

প্রজাতি, তা রিপ্রোডাক্টিভ সাফল্যের দিক থেকে দেখা যায় এমন কমে যাওয়ার মুখোমুখি হয়েছে। এইসব সংশোধনের অনুমোদনের পর, আগামী বছরগুলিতে অ্যাডিরন্ড্যাকের লেকগুলিতে লুনের প্রতীকী ডাক শোনার জন্য আমরা আগ্রহী।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন